

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স - ২৬৩২

আগরতলা, ২০ অক্টোবর ২০১৮

রাজ্যের সম্পদকে কাজে লাগিয়ে ত্রিপুরাকে স্বনির্ভর  
করতে উদ্যোগ নেওয়া হয়েছে : মুখ্যমন্ত্রী

ত্রিপুরা প্রাকৃতিক সম্পদে সমৃদ্ধ। রাজ্যের এই সম্পদকে কাজে লাগিয়ে ত্রিপুরাকে স্বনির্ভর করার উদ্যোগ নিয়েছে সরকার। গত ১৮ অক্টোবর ও এন জি সি'র সার্বজনীন দুর্গোৎসব মন্ডপ পরিদর্শনকালে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন ও এন জি সি'র সঙ্গে ত্রিপুরার সম্পর্ক দীর্ঘ দিনের। সম্প্রতি উদয়পুরের মহারাণীতে গ্যাস পাওয়া গেছে। এটা আমাদের কাছে এক নতুন আশার আলো। তিনি বলেন, রাজ্যের প্রাকৃতিক গ্যাসকে কাজে লাগিয়ে ছোট ছোট শিল্প কারখানা গড়ে তোলা যায় কিনা তা পর্যালোচনা করছে রাজ্য সরকার। এতে অনেক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে বলে মুখ্যমন্ত্রী অভিমত ব্যক্ত করেন।

মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলিকে অষ্টলক্ষী হিসেবে আখ্যায়িত করেছেন। প্রধানমন্ত্রী এই অঞ্চলের উন্নয়নে গুচ্ছ প্রকল্প ঘোষণা দিয়েছেন। আমরাও চাই স্বনির্ভর ত্রিপুরা গড়ে তুলতে। চাই ব্রহ্মচারমুক্ত, নারী নির্যাতনমুক্ত, নেশামুক্ত ত্রিপুরা গড়তে। চাই ২০২২ সালের মধ্যে কৃষকের আয় দ্বিগুণ করতে। মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন, রাজ্য সরকারের এই প্রচেষ্টাকে সফল করে তুলতে এবং রাজ্যের সার্বিক উন্নয়নে ও এন জি সি এগিয়ে আসবে। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের সকলের সহযোগিতায় এবং মা দুর্গার আশীর্বাদে ত্রিপুরা আগামী তিন বছরের মধ্যে একটা মডেল রাজ্য হিসেবে গড়ে উঠবে। অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করেন ও এন জি সি'র অ্যাসেট ম্যানেজার গৌতম কুমার সিংহরায়। এরপর মুখ্যমন্ত্রী ও মুখ্যমন্ত্রী জয়া নীতি দেব ও এন জি সি'র নবরাত্রি গর্ভা ও ডান্ডিয়া রাস উৎসবে অংশ নেন।

এরপর মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব ও মুখ্যমন্ত্রী জয়া নীতি দেব চিরসার্থী সংঘ ও সংহতি ক্লাবের পূজা পরিদর্শন করেন। এদিন দুপুরে সঙ্গীক মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব আগরতলার দুর্গাবাড়িতে দেবী দুর্গার পূজা পরিদর্শন করেন এবং মায়ের আশীর্বাদ নেন। পরে সঙ্গীক মুখ্যমন্ত্রী উজ্জয়ন্ত কমপ্লেক্স ওয়েল ফেয়ার সোসাইটি আয়োজিত দুর্গাপূজা মন্ডপ পরিদর্শন করেন। এসময় মুখ্যমন্ত্রীর সাথে ছিলেন বিধায়ক সুশান্ত চৌধুরী।

\*\*\*\*\*